দৈনিক
ইনকিলাব

তারিখ 6 JAN 2003
পৃষ্ঠা ... কলাম ...

# প্রশিক্ষণের গুরুত্ব বিষয় ও প্রেক্ষাপট

প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, কারিগরি, বৃত্তিমূলক এবং মাদ্রাসা শিক্ষাধারায় জনসংখ্যা শিক্ষা প্রকল্পের আওতায় মাদ্রাসা শিক্ষার আলিম স্তরের বাংলা ও ইংরেজী শিক্ষক-শিক্ষিকাদের ১৫-৯-২০০২ ইং হতে ১৭-৯-০২ ৩ দিনব্যাপী এক কর্মশালা মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট গাজীপুরে সম্প্রতি শেষ হয়ে গেল।

অতি অল্প সময়ের নোটিশে এই প্রশিক্ষণের ১ম পর্যায়ের ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ ও নরসিংদীর আলিম স্তরের মাদ্রাসায় পাঠদানরত ইংরেজী ও বাংলা বিষয়ের শিক্ষক-শিক্ষিকাদের ডাকা হয়েছিল। মূলত ইউএনএফপি-এর আর্থিক সহযোগিতায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও টেক্সট বুক বোর্ড কারিকুলাম কমিটির যৌথ উদ্যোগে এই কর্মশালা পরিচালিত হয়। প্রশিক্ষণের বিষয় ছিল ঃ 'জনসংখ্যা শিক্ষা'।

১৫ সেপ্টেম্বর ২০০২ সকাল ৯টায় উদ্বোধনী অনুষ্ঠান হল। মাদ্রাসা শিক্ষা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান রেজিস্ট্রার প্রকল্প উপকর্মকর্তা, প্রশিক্ষণ ইন্সটিটিউটের ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রকল্পের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গ এবং ট্রেইনার বিশিষ্ট কারিকুলাম বিশেষজ্ঞ প্রফেসর (অবঃ) জনাব মোহাম্মদ আবদুল জব্বার, ফোর ট্রেইনার অধ্যাপিকা হোসনে আরা বেগম উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর বাংলা ও ইংরেজীর শিক্ষকদের আলাদা আলাদা কক্ষে বসার জন্য বলা হল।

প্রশিক্ষণ আরম্ভ হল। জনসংখ্যা শিক্ষা কি— এ বিষয়ে বিস্তারিত বক্তব্য রাখলেন ট্রেইনার মহোদয়। তার আলোচনা অত্যন্ত প্রাণবন্ত এবং ফলপ্রসূ। জনসংখ্যা শিক্ষার ধারণা— 'পরিবার, সমাজ, জাতি ও বিশ্বের জনসংখ্যা পরিস্থিতি সম্পর্কে জানা ও পর্যালোচনার মাধ্যমে এসব বিষয় সম্পর্কে শিক্ষার্থীদের যুক্তিযুক্ত ও দায়িত্বশীল দৃষ্টিভঙ্গি গড়ে তোলার জন্য শিক্ষা কার্যক্রমই জনসংখ্যা শিক্ষা।'

**জনসংখ্যা শিক্ষার উদ্দেশ্য ঃ**

১. জনসংখ্যা বৃদ্ধির ও নির্ধারক সম্পর্কে অনুপুংখরূপে জানতে সহায়তা এবং এর প্রতিবিধান সম্পর্কে অবহিত করা এবং বাস্তবায়নে উদ্বুদ্ধ করা।

২. জাতীয় জনসংখ্যা নীতি সম্পর্কে ধারণা লাভে সহায়তা করা এবং এই নীতি বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ সম্পর্কে অবহিত করা।

৩. জনমিতির ধারণার ভিত্তিতে জনসংখ্যার গতি-প্রকৃতি বিশ্লেষণ করতে সহায়তা করা।

৪. জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপটে জন-জীবন (ব্যক্তি, পরিবার, সমাজ ও জাতীয় জীবন) প্রাকৃতিক পরিবেশ (বায়ু, মাটি ও পানি) ও অন্যান্য প্রাকৃতিক সম্পদের উপর জনসংখ্যা বৃদ্ধির বিরূপ প্রভাব অনুধাবন করা ও প্রতিকারের যথাযথ মনোভাব গড়ে তুলতে সহায়তা করা।

৫. ব্যক্তি, সমাজ ও জাতীয় জীবনে জনসংখ্যা বিষয়ক মূল্যবোধের উজ্জীবন ও বিকাশ সাধনে সহায়তা করা।

উল্লেখিত জনসংখ্যা শিক্ষার উদ্দেশ্য সম্পর্কে বিস্তারিত ও তথ্যভিত্তিক আলোচনা করলেন ট্রেইনার মহোদয়। এই প্রশিক্ষণ কর্মশালা কারো কারো জীবনে অতুল অভিজ্ঞতা উপহার দিয়েছে— অনেকের হয়তো বা নয়। তবে সত্যি বলতে কি, আমার কাছে নতুন তো বটেই, বিরলও। এই ধরনের প্রশিক্ষণ একজন শিক্ষকের জীবনে গুরুত্বপূর্ণ এবং শিক্ষকের দৃষ্টিভঙ্গি পরিবর্তন করতে পারে। শিক্ষকের মনের আঙ্গিনায় নতুন মাত্রা যোগ করতে পারে বলে আমার মনে হয়েছে।

অল্প সময়ের এই প্রশিক্ষণ কর্মশালা মাদ্রাসায় আলিম স্তরে বাংলা এবং ইংরেজী পাঠ্য বইয়ে জনসংখ্যা শিক্ষা বিষয়ক যে অধ্যায়টি আছে, তার পুরো বিষয় নিয়ে খুটিনাটি আলোচনা, পর্যালোচনা, ভাষাগত দিকের দক্ষতা বাড়ানো, উপস্থাপনায়, শ্রবণে-বলনে, লিখনে, পঠনে পদ্ধতিগত আলোচনা হয়। আলোচনায় প্রশিক্ষণার্থীগণও স্বতঃস্ফূর্তভাবে, স্বেচ্ছাপ্রণোদিত হয়ে অংশগ্রহণ করে। মূলতঃ এই প্রশিক্ষণ কর্মশালা হাতে-কলমে শিক্ষার মতো। অনেকটা প্রদর্শন পাঠ। রসঘন ও প্রাণবন্ত আলোচনায় শ্রেণী কক্ষ মুখরিত হয়ে উঠে। 'পরিবার পরিকল্পনা' এবং 'জনসংখ্যা শিক্ষা' এক নয়— এই কথাটি বার বার বলেছিলেন ট্রেইনার মহোদয়।

❑ এস এম হযরত আলী
২/২, পুরানা পল্টন, ঢাকা।